



মিঞা লুৎফর রহমান

১৯৪২ সালে

ফরিদপুর জেলাধীন নগরকান্দা উপজেলার যদুনন্দী গ্রাম

মিঞা লুৎফর রহমানের পিতার নাম আবুল কাসেম মিয়া। রুপাপাত হাইস্কুল থেকে মাধ্যমিক পাশ করেন। এরপর নবকুমার ইন্সটিটিউট থেকে উচ্চমাধ্যমিক এবং জগন্নাথ কলেজ থেকে স্নাতক এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে এম কম পাশ করেন। কলেজে অধ্যাপনার মাধ্যমে কর্মজীবন শুরু করেন। ফরিদপুর রাজেন্দ্র কলেজে দীর্ঘদিন অধ্যাপনা করেন পরে সারদা সুন্দরী মহিলা কলেজের অধ্যক্ষ এবং রাজেন্দ্র কলেজে অধ্যক্ষের দায়িত্ব পালন করেন। এরপর তিনি ঢাকা শিক্ষা অধিদপ্তরের পরিচালকের দায়িত্ব পালন করেন। তিনি নিজ গ্রামে যদুনন্দী প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠাতা, সুনিয়ম নাট্যচক্রের প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন। মানসিক প্রতিবন্ধী কল্যাণ সমিতির প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক এবং নবকাম পল্লী কলেজের প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন। রুপাপাত হাই স্কুল, বাংলাদেশ বিসিএস শিক্ষা ক্যাডার সমিতির জীবন সদস্য ছাড়াও ফরিদপুর অন্ধকল্যাণ সমিতি, ফরিদপুর ডায়বেটিক হাসপাতাল, পরিবার পরিকল্পনা সমিতি এবং ডা: জাহেদ মেমোরিয়াল শিশু হাসপাতালের সাথে জড়িত ছিলেন। ১৯৯৮ সালে বিশিষ্ট শিক্ষাবিদ হিসাবে জসীম ফাউন্ডেশন তাকে স্বর্ণপদক প্রদান করে। বর্তমানে তিনি ঢাকার মিরপুরে অবস্থিত বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি (BUBT) তে প্রোস্টর হিসাবে কর্মরত আছেন।